গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস্‌, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)
আইডিইবি ভবন (৪র্থ ও ৫ম তলা) ১৬০/এ, কাকরাইল, ঢাকা-১০০০।
[ **Fax** -8315459,Web:www.cevdsc.gov.bd, Email-cevdhksouth@yahoo.com]

ওয়েবসাইট/
পত্রিকার
বিজ্ঞপ্তি

# নিয়োগ বিজ্ঞপ্তি

**পত্র নং-২(২৩)-জনপ্রশাঃ/সদর/৪০/২০১৮/** ১১৯০

**তারিখঃ** ০১ অগ্রহায়ণ, ১৪২৫
১৫ নভেম্বর , ২০১৮

**অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নম্বর-০৮.০০.০০০০.০৩৮.১১.০০১.১৭.৩৭২, তারিখঃ ১১ জুন, ২০১৮ এর অনুমোদন অনুযায়ী কাস্টমস্‌, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা- এর নিম্নে উল্লিখিত শূণ্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক নিয়োগের উদ্দেশ্যে বিজ্ঞপ্তিতে বর্ণিত জেলাসমূহের প্রকৃত স্থায়ী বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে শর্তসাপেক্ষে Online-এ পূরণকৃত আবেদনপত্র (সনদপত্র বা অন্য কোন দালিলাদি সংযুক্ত করতে হবে না) আহবান করা যাচ্ছেঃ**

| ক্রম নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার বাসিন্দাগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | উচ্চমান সহকারী<br>১০২০০-২৪৬৮০/-<br>(গ্রেড-১৪) | ০৫ টি | (ক) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক, ডিগ্রী পাশ/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ। | ☐ ঢাকা, নারায়ণগঞ্জ ও মুন্সিগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০৩ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা;<br>(খ) Word Processing/ Data Entry/Typing ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন গতি ইংরেজী ও বাংলায় প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ২০ শব্দ। | |
| ৩. | গাড়ীচালক<br>৯৩০০-২২৪৯০/-<br>(গ্রেড-১৬) | ০৮ টি | (ক) ৮ম শ্রেণী পাশ।<br>(খ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ০৩ (তিন) বছরের গাড়ীচালানোর বাস্তব অভিজ্ঞতা। | |
| ৪. | সিপাই<br>৯০০০-২১৮০০<br>(গ্রেড-১৭) | ২২ টি | (ক) কোন স্বীকৃত বোর্ড থেকে এস.এস.সি বা সমমানের পরীক্ষায় পাশ।<br>(খ) উচ্চতা পুরুষ ৫′-৪″, মহিলা ৫′-২″, বুকের মাপ ৩০″-৩২″ উভয় ক্ষেত্রে। | |
| ৫. | ডেসপাচ রাইডার<br>৮,৮০০-২১,৩১০<br>(গ্রেড-১৮) | ০১ টি | (ক) দশম শ্রেণী পাশ।<br>(খ) মটর সাইকেল লাইসেন্সধারী। | |
| ৬. | অফিস সহায়ক<br>৮,২৫০-২০,০১০<br>(গ্রেড-২০) | ০৪ টি | (ক) অষ্টম শ্রেণী পাশ।<br>(খ) শারীরিক যোগ্যতা সম্পন্ন হতে হবে। | |

**শর্তাবলীঃ**

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং ১৫/১১/২০১৮ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। সরকারের সর্বশেষ সিদ্ধান্ত মোতাবেক মুক্তিযোদ্ধা/শহীদ-মুক্তিযোদ্ধাদের সন্তান, মুক্তিযোদ্ধা/শহীদ-মুক্তিযোদ্ধাদের সন্তানদের সন্তান, মহিলা, উপজাতি, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য, **এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের জন্য নির্ধারিত কোটায় বিধি মোতাবেক প্রার্থী নিয়োগ করা হবে।**

০২। সরকারী/আধা-সরকারী সংস্থায় চাকরিতে নিয়োজিত প্রার্থীগণকে Online-এ আবেদনপত্র দাখিলের পর এবং মৌখিক পরীক্ষার পূর্বেই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনাপত্তি পত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিয়োগকারী কর্তৃপক্ষ (কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) ঢাকা। আইডিইবি ভবন (৪র্থ ও ৫ম তলা), ১৬০/এ, কাকরাইল, ঢাকা-১০০০) বরাবর প্রেরণ করতে হবে।

০৩। কেবলমাত্র ঢাকা, মুন্সিগঞ্জ ও নারায়ণগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। একই ব্যাক্তির একাধিক পদে আবেদনের কোন সুযোগ নেই। এক্ষেত্রে কোন আবেদনকারী শুধুমাত্র একটি পদের বিপরীতে আবেদন করতে পারবেন।

০৪। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

০৫। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:

**ক.** পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক প্রার্থীকে http://cevdsc.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৬/১১/১৮ খ্রিঃ সকাল ০৯.০০ টা

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১২/১২/১৮ খ্রিঃ বিকাল ০৫.০০ টা

উক্ত সময়সীমার মধ্যে উক্ত ওয়েবসাইটে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

**খ.** Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুনঃপূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

**ঘ.** প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

**ঙ.** **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit কারী প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে উপরের টেবিলের ক্রমিক নং- ১ হতে ৫ এ বর্ণিত পদের ক্ষেত্রে ১১২/- (একশত বার) টাকা এবং ক্রমিক নং- ৬ এ বর্ণিত পদের ক্ষেত্রে ৫৬/- (ছাপ্পান্ন) টাকা পরীক্ষার ফি বাবদ অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **বিশেষভাবে উল্লেখ্য, Online-এআবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Onlineআবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।**

প্রথম SMS: CEVDSC<space>User ID লিখে Send করতে হবে 16222নম্বরে।

Example: CEVDSC ABCDEF

**Reply**: Applicant's Name, Tk-112/- or 56/-will be charged as application fee. Your PIN is 12345678.**To pay fee**Type CEVDSC<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: CEVDSC<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example:CEVDSC YES 12345678

**Reply**: Congratulations Applicant's Name, payment completed successfully for CEVDSCApplication for cevdsc Application for <Post Name>User ID is (ABCDEF) and Password (XXXXXX).

**চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://cevdsc.teletalk.com.bd অথবা, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকার এর Website: www.cevdsc.gov.bd এর ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যম (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

**ছ.** SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি শারীরিক/ব্যবহারিক পরীক্ষার (প্রযোজ্য ক্ষেত্রে) সময়ে ও লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়সহ উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

**জ.** শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন (প্রযোজ্য ক্ষেত্রে):

i. User ID জানা থাকলে CEVDSC<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: CEVDSC HELPUSERABCDEF and send to 16222.

ii. PIN Number জানা থাকলে: CEVDSC<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: CEVDSC HELPPIN12345678& send to 16222.

০৬। শারীরিক/ব্যবহারিক/লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন রকম ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

০৭। প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় উপযুক্ত প্রার্থীদের লিখিত, ব্যবহারিক (প্রযোজ্যতা অনুযায়ী) পরীক্ষা এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষার স্থান ও সময়সূচী পরবর্তীতে পত্র দ্বারা জানানো হবে।

০৮। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক সাক্ষাৎকারের সময় প্রবেশপত্রসহ সংশ্লিষ্ট সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন ও অতিরিক্ত একসেট সত্যায়িত কপি দাখিল করতে হবে।

০৯। আবেদনপত্রে কোনরূপ অসত্য বিবরণ বা মিথ্যা তথ্য পাওয়া গেলে আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত হওয়া সত্ত্বেও আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। জনবল নিয়োগের ক্ষেত্রে সরকারের জারীকৃত সর্বশেষ পরিপত্র/নীতিমালা/আদেশ মোতাবেক সকল প্রকার কোটা নীতিসহ অন্যান্য নিয়মাবলী অনুসরণ করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

১১। আবেদনপত্রে কোনরূপ অসত্য বিবরণ বা মিথ্যা তথ্য পাওয়া গেলে আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত হওয়া সত্ত্বেও আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন পর্যায়ে কোন কারণ দর্শানো ব্যাতিরেকে নিয়োগ প্রক্রিয়া বাতিল বা স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩। আবেদন পত্রের উপর কোন সুপারিশ গ্রহণ বা যে কোন ধরণের তদবীর প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হবে।

কমিশনার
কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,
ঢাকা (দক্ষিণ), ঢাকা।